দৈনিক ইত্তেফাক

10

তারিখ ... FEB 11 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি পরীক্ষাসূচী প্রসঙ্গ

উপরোক্ত শিরোনামে গত ৫-২-২০০০ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত পত্রের লেখক অভিভাবকদ্বয় ১৩ দিনে চলতি সালের এসএসসি পরীক্ষা সম্পন্ন করিবার ব্যাপারে ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক চাপ এবং আতংকের যে বর্ণনা দিয়াছেন, উহার সহিত আমিও একমত। একজন অভিভাবক হিসাবে উল্লেখ করিতেছি যে, মাত্র ১৩ দিনের এসএসসি পরীক্ষাসূচী সর্বকালের রেকর্ড ভঙ্গ করিয়াছে। এত কম সময়ে ইতিপূর্বে কখনও এসএসসি পরীক্ষা শেষ করিবার কথা শুনি নাই। ইহা স্বীকার্য যে, এসএসসি পরীক্ষার্থীরা পরীক্ষা চলাকালে বৎসরের অন্যান্য সময় অপেক্ষা গভীর মনোযোগ দিয়া প্রতিটি বিষয়ের সিলেবাস অনুসারে পড়া তৈয়ারি করিয়া থাকে। এইবার ঘোষিত পরীক্ষাসূচীতে বিরতি নাই বলিলেই চলে। এমনকি কোন কোন বিভাগের ছাত্র-ছাত্রীদের একযোগে দুই দিন পরীক্ষা আছে এবং দ্বিতীয় দিনে সকাল বিকাল পরীক্ষা বিশেষ করিয়া ঐচ্ছিক বিষয়ে। ছাত্র-ছাত্রীরা যাহাতে জীবনের প্রথম পাবলিক পরীক্ষায় নৈরাশ্যের পরিবর্তে আশানুরূপ সাফল্য ও কৃতিত্ব অর্জন করিতে পারে, সেদিকে লক্ষ্য রাখিয়া সংশোধিত পরীক্ষাসূচী ঘোষণার করিবার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নিকট একজন অভিভাবক হিসাবে আকুল আবেদন জানাইতেছি।

মুহম্মদ আবদুল আজিজ খান,
১ উত্তর বাসাবো, ঢাকা।